আয়ারল্যান্ড

An Roinn Dlí agus Cirt,
Gnóthaí Baile agus Imirce
Department of Justice,
Home Affairs and Migration

euaa
EUROPEAN UNION
AGENCY FOR ASYLUM

# রিসেপশনে আপনার অধিকার ও বাধ্যবাধকতা



এই তথ্যগুলো আপনার জানার জন্য, যদি:

- আপনার বয়স 18 বছরের নিচে হয়
- আপনি নিজের বাবা-মা ছাড়া এসেছেন, হয় একা, না হয় অন্য কোনো পরিবারের সদস্যদের সঙ্গে
- আপনি আয়ারল্যান্ড এ অ্যাসাইলামের জন্য আবেদন করেছেন (যাকে আন্তর্জাতিক সুরক্ষাও বলা হয়)

BENGALI

# বিষয়বস্তু


| | |
|---|---|
| আপনি এই দেশে নিরাপদ | 3 |
| কারা আপনাকে সাহায্য করবে? | 3 |
| প্রতিনিধির ভূমিকা কী? আর কারা আপনাকে সাহায্য করতে পারে? | 4 |
| আপনি কী কী পাবেন? | 6 |
| স্বাস্থ্য পরিষেবা পাওয়ার অধিকার | 8 |
| কর্মচারী ও প্রতিনিধিকে অবহিত করুন। | 9 |
| সর্বোত্তম স্বার্থ মূল্যায়ন কী? | 10 |
| শিক্ষার অধিকার | 10 |
| কাজ করার অধিকার | 11 |
| আপনার অ্যাসাইলাম প্রার্থীতার নথি | 11 |
| আপনি কোথায় থাকবেন? | 12 |
| যদি কেউ আপনার সাথে খারাপ আচরণ করে তাহলে আপনি কী করতে পারেন? | 13 |
| আপনার রিসেপশন সংক্রান্ত বাধ্যবাধকতা কী? | 14 |
| যদি আপনি আপনার বাধ্যবাধকতাগুলি পালন না করেন, তাহলে কী হবে? | 15 |
| অ্যাসাইলামের জন্য আবেদন করার এবং অন্য দেশে ভ্রমণ করার নিয়মাবলী | 16 |
| আপনি যদি EU+দেশগুলির মধ্যে একটিতে চলে যান তবে কী হবে? | 17 |
| যদি কর্তৃপক্ষের নেওয়া সিদ্ধান্তের সঙ্গে আপনি একমত না হন, তাহলে কারা আপনাকে সাহায্য করতে পারে? | 18 |
| যদি কোনো সহায়তা বদলে যায়, তাহলে কী হবে? | 19 |
| যোগাযোগের বিবরণ | 20 |

## আপনি এই দেশে নিরাপদ

*আপনি কর্তৃপক্ষকে জানিয়েছেন যে আপনি বিপদে আছেন বলে নিজের দেশে ফিরতে পারবেন না এবং আপনি রাজনৈতিক আশ্রয়ের জন্য আবেদন করেছেন। আপনি আয়ারল্যান্ডে একজন আশ্রয়প্রার্থী। সবকিছু নতুন মনে হওয়াটা স্বাভাবিক। আপনি এই দেশে নিরাপদ এবং একা থাকবেন না।*

## কারা আপনাকে সাহায্য করবে?

ইউরোপে, যাদের বয়স 18 বছরের নিচে, তাদের সবাইকে শিশু হিসেবে ধরা হয়। প্রতিটি শিশুরই **বিশেষ সহায়তা** পাওয়ার অধিকার আছে।



যেহেতু আপনি আপনার বাবা-মা ছাড়া এখানে আছেন, তাই একজন প্রতিনিধি নামক আরেকজন প্রাপ্তবয়স্ক ব্যক্তি আপনার প্রয়োজনে আপনাকে সাহায্য করবেন। এই ব্যক্তি কর্তৃপক্ষের আওতার বাইরে।

যদি আপনার এখনও আপনার প্রতিনিধির সাথে দেখা না হয়ে থাকে, তবে যত তাড়াতাড়ি সম্ভব তার সাথে আপনার দেখা হবে।

## প্রতিনিধির ভূমিকা কী?

আপনার প্রতিনিধি আপনার থাকা সংক্রান্ত প্রয়োজনীয় সবকিছু আপনাকে বুঝিয়ে দেবেন এবং আপনার প্রশ্নগুলোর উত্তর খুঁজে পেতে সাহায্য করবেন। যেমন, আপনি কীভাবে স্কুলে যাবেন, কীভাবে ডাক্তার দেখাবেন, কোথায় থাকবেন, কীভাবে আপনার পরিবারকে খুঁজে পাবেন বা তাদের সাথে যোগাযোগ করবেন। অন্যান্য কর্মীরাও এই প্রশ্নগুলোর ব্যাপারে আপনাকে সাহায্য করবেন।

আপনার প্রতিনিধি কর্তৃপক্ষকে আপনার প্রয়োজনীয়তা সম্পর্কে জানান, আপনাকে পরামর্শ দেন এবং গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে সাহায্য করেন।

আপনি সর্বদা আপনার প্রয়োজন ও অনুভূতি প্রকাশ করতে পারেন এবং আপনার প্রতিনিধিকে আপনার মতামত জানাতে পারেন।

আপনার প্রতিনিধির সাথে কোনো সমস্যা হলে, আন্তর্জাতিক সুরক্ষা অফিসের কর্মীদের জানান।

## আর কারা আপনাকে সাহায্য করতে পারে?



- একজন **সামাজিক কর্মী** আপনার দৈনন্দিন চাহিদা মেটাতে সাহায্য করবেন বা অন্য পেশাদারদের সঙ্গে যোগাযোগ করিয়ে দেবেন যারা কোনো নির্দিষ্ট সমস্যায় সাহায্য করতে পারেন।
- **একজন চিকিৎসক** বা **নার্স** আপনাকে সাহায্য করবেন, যদি আপনি অসুস্থ বোধ করেন, আহত হন, বা কোনো চিকিৎসার প্রয়োজন হয়।
- একজন **মনোবিজ্ঞানী** আপনাকে সাহায্য করবেন যদি আপনি বিষণ্ণ, রাগান্বিত, ভীত বা চিন্তিত বোধ করেন, বা ঘুমাতে সমস্যা হয়।
- একজন **আইনি উপদেষ্টা** আপনাকে সাহায্য করবে এটা বুঝতে যে অ্যাসাইলাম প্রসিডিউর চলার সময় কী ঘটবে এবং যদি মনে করেন নিজের অধিকার রক্ষা করা হচ্ছে না সেই ক্ষেত্রে।
- **একজন দোভাষী** আপনাকে এমন একটি ভাষায় যোগাযোগ করতে সাহায্য করতে পারে যা আপনি বুঝতে পারেন। তাদের কাজ হলো, আপনি ও অন্যরা যা বলছে, তা ঠিকভাবে অনুবাদ করা।

## বয়স মূল্যায়ন কী?




আপনি যদি নিজের বয়স প্রমাণ করার মতো কোনো নথি ছাড়াই ইউরোপে আসেন এবং কর্তৃপক্ষের আপনার বয়স সম্পর্কে কোনো সন্দেহ হয়, তবে তারা আপনাকে **বয়স মূল্যায়ন** নামে একটি পদ্ধতিতে অংশ নিতে বলবে। এইভাবে, তারা সিদ্ধান্ত নিতে পারবেন যে তারা আপনাকে শিশু হিসাবে বিবেচনা করবেন কি-না।
যদি আপনাকে বয়স নির্ধারণ প্রক্রিয়ায় অংশ নিতে বলা হয়, তাহলে আপনার প্রতিনিধি আপনাকে পুরো প্রক্রিয়াটি ব্যাখ্যা করবে।

## যদি আপনি নিজের পরিবারের সঙ্গে যোগাযোগ করতে চান, তাহলে কী করবেন?



- যদি আপনি না জানেন আপনার পরিবার কোথায় আছে, বা তাদের সঙ্গে যোগাযোগ হারিয়ে ফেলেন, তাহলে আপনি নিজের প্রতিনিধি বা কর্মীদের কাছে সাহায্য চাইতে পারেন। তারা আপনার পরিবারের খোঁজ পেতে আপনাকে সাহায্য করবেন।
- আপনি যদি জানেন যে আপনার পরিবার কোথায় আছে এবং আপনার কাছে তাদের যোগাযোগের বিবরণ থাকে, তাহলে আপনি চাইলে কর্মীরা আপনাকে তাদের কল করতে সাহায্য করতে পারে।
- যদি আপনার পরিবার ইউরোপে থাকে, তবে কর্মীদের আপনার পরিবারের সম্পর্কে যা কিছু জানেন তা সব জানান।

## সাবধানে থাকুন, কিছু মানুষ আপনাকে বিপদে ফেলে দিতে পারে।



আপনি হয়তো এই দেশ ছেড়ে যাওয়ার কথা ভাবছেন অথবা হয়তো কিছু লোক আপনাকে চলে যেতে রাজি করানোর চেষ্টা করছে। এটি আপনার পক্ষে বিপজ্জনক হতে পারে এবং আপনার অ্যাসাইলামের আবেদনের উপর খারাপ প্রভাব ফেলতে পারে। আপনার প্রতিনিধি এবং কর্মীদের সাথে কথা বলুন, আপনি তাদের পরিস্থিতি সমন্ধে বুঝিয়ে বলতে পারেন এবং তারা আপনাকে পরামর্শ দিতে পারবেন।

## আপনি কী কী পাবেন?

কর্তৃপক্ষ আপনার অ্যাসাইলাম আবেদন পরীক্ষা করার জন্য অপেক্ষা করার সময় আপনি বিভিন্ন ধরনের সহায়তা এবং পরিষেবা পাবেন। এটিকে বলা হয় **রিসেপশন**।


একজন শিশু এবং অ্যাসাইলাম প্রার্থী হিসেবে, আপনার কিছু অধিকার আছে কিন্তু কিছু বাধ্যবাধকতাও আছে যা আপনাকে মেনে চলতে হবে। এগুলো এই ব্রোশিওরে ব্যাখ্যা করা হয়েছে।

কর্মীরা আপনাকে এটা নিশ্চিত করতে বলবে যে আপনি এই ব্রোশিওরে দেওয়া তথ্য বুঝতে পেরেছেন কি-না। যদি আপনি এই ব্রোশিওরের কোনো অংশ বুঝতে না পারেন বা আপনার কোনো প্রশ্ন থাকে, তাহলে প্রতিনিধি এবং কর্মীদের জিজ্ঞাসা করুন।

এই দেশে আপনার থাকার সময়, আপনার প্রতিনিধি এবং কর্মীরা আপনার নির্দিষ্ট পরিস্থিতি অনুযায়ী অতিরিক্ত তথ্য দেবে। আপনি যেকোনো সময় প্রশ্ন জিজ্ঞাসা করতে পারেন।



**আপনি পাবেন:**



- একটি ঘুমানোর জায়গা



- খাবার



- নিজেকে পরিষ্কার রাখার উপকরণ



- কাপড়



- দৈনন্দিন খরচের জন্য অর্থ

## স্বাস্থ্য পরিষেবা পাওয়ার অধিকার

**কর্তৃপক্ষ নিশ্চিত করবে যে আপনি আপনার প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা পাচ্ছেন। আপনার কোনো শারীরিক বা চিকিৎসাজনিত সমস্যা থাকলে আপনি কর্মীদের এবং আপনার প্রতিনিধিকে তা জানাতে পারেন।**



এর মধ্যে থাকতে পারে:

- নার্স বা ডাক্তারের সঙ্গে সাক্ষাতের ব্যবস্থা
- আঘাত বা অসুস্থতার চিকিৎসা
- ব্যথা হলে বা অসুস্থ বোধ করলে প্রয়োজনীয় সেবা
- আপনার প্রয়োজনীয় ওষুধ পাওয়ার সুযোগ
- জরুরি মানসিক স্বাস্থ্যসংক্রান্ত সমস্যার ক্ষেত্রে সহায়তা
- প্রয়োজন হলে অন্যান্য স্বাস্থ্যসেবা পাওয়ার জন্য সংশ্লিষ্ট সেবায় রেফার করা।

**স্বাস্থ্য পরিষেবা নির্বাহী (Health Service Executive – HSE) আপনার স্বাস্থ্য সম্পর্কে কিছু প্রশ্ন করতে পারে। তারা জানতে চাইতে পারে:**

- আপনার কোনো আঘাত, ব্যথা বা জরুরি স্বাস্থ্য সমস্যা আছে কি না
- আপনার কোনো শারীরিক বা চিকিৎসাজনিত সমস্যা আছে কি না
- আপনি বর্তমানে কোনো ওষুধ গ্রহণ করছেন কি না
- আপনার টিকা নেওয়ার ইতিহাস
- সম্প্রতি বা গুরুতর কোনো অসুস্থতা হয়েছে কি না

এই তথ্যগুলো HSE-কে আপনার কোনো জরুরি স্বাস্থ্যগত প্রয়োজন আছে কি না তা শনাক্ত করতে এবং যত দ্রুত সম্ভব প্রয়োজনীয় চিকিৎসার ব্যবস্থা করতে সাহায্য করে।


### আপনার জরুরি চিকিৎসা সহায়তার প্রয়োজন হলে

আপনার যদি কোনো চিকিৎসাজনিত জরুরি অবস্থা হয় অথবা এমন কোনো আঘাত থাকে যার জন্য দ্রুত চিকিৎসা প্রয়োজন, তাহলে কর্মীদের জানান। আপনি যেখানে থাকছেন তার বাইরে থাকলে, বিনামূল্যে **112** অথবা **999** নম্বরে ফোন করে অ্যাম্বুলেন্স চাইতে পারেন।

### স্বাস্থ্যসেবা ও সহায়তা পাওয়া


আপনার প্রতিনিধি আপনাকে একজন GP (সাধারণ চিকিৎসক/ডাক্তার)-এর কাছে নিবন্ধন করতে সাহায্য করবেন।

## যদি এমন কিছু হয়, তাহলে কর্মীদের আর প্রতিনিধি কে জানান:



- আপনি অসুস্থ, আহত বা আপনার জরুরি চিকিৎসা সহায়তা বা ওষুধের প্রয়োজন।
- আপনি যদি মাদকদ্রব্য ব্যবহার করেন বা মদ্যপান করেন
- আপনি যদি আগে কখনো বা এখন কারো কাছ থেকে মারধর বা খারাপ ব্যবহার পেয়ে থাকেন
- আপনি যদি গর্ভবতী হন বা হতে পারেন বলে মনে হয়
- আপনি একা হাঁটতে পারেন না অথবা আপনার শুনতে ও দেখতে সমস্যা হয়
- আপনি যদি খুব চিন্তিত, বিষণ্ণ হন, ঘুমাতে না পারেন, বা আপনার মনে কোনো নেতিবাচক চিন্তা থাকে
- আপনি অসুরক্ষিত বোধ করেন বা কাউকে ভয় পান, হোক তা অপরিচিত কোনো ব্যক্তি অথবা আপনার পরিচিত কোনো ব্যক্তি
- আপনাকে যদি এমন কিছু করতে বাধ্য করা হয়ে থাকে বা করা হয়, যা আপনি করতে চান না
- আপনার ধর্মবিশ্বাস, আপনি যা ভালোবাসেন, আপনি যেভাবে পোশাক পরেন বা আচরণ করেন তার কারণে আপনি অসুরক্ষিত বোধ করেন।

মনে রাখবেন, কর্মী আর আপনার প্রতিনিধি আপনাকে সাহায্য করার জন্য উপস্থিত আছেন।



## সর্বোত্তম স্বার্থ মূল্যায়ন কী?



এটি এমন একটি কার্যকলাপ যেখানে আপনি অন্যান্য কর্মীদের দেখতে পাবেন যারা আপনাকে প্রশ্ন জিজ্ঞাসা করবে:

- আপনার **প্রয়োজনগুলো** বুঝতে
- আপনি কোন ধরনের **সহায়তা** চান তা ঠিক করতে।

এটি কর্তৃপক্ষকে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে সাহায্য করবে, যেমন আপনি কোথায় থাকবেন।

আপনি নার্স, চিকিৎসক, কর্মী এবং নিজের প্রতিনিধির উপর আস্থা রাখতে পারেন। আপনি চাইলে তাদের সব কিছু জানাতে পারেন। আপনি যা বলবেন তা আপনার সম্মতি ছাড়া আপনার প্রতিনিধি ছাড়া অন্য কারও সঙ্গে শেয়ার করা হবে না। এর একমাত্র ব্যতিক্রম হবে যদি আপনার বা অন্য কারোর জীবন ঝুঁকির মধ্যে পড়ে।

যদি আপনি না চান যে আপনার প্রতিনিধি কে জানানো বা যুক্ত করা হোক, তাহলে কর্মীদের জানান। তারা আপনার অনুরোধ ভালোভাবে শুনবে এবং আপনার জন্য যা সবচেয়ে ভালো মনে হবে, তার ওপর ভিত্তি ক'রে সিদ্ধান্ত নেবে।

## শিক্ষার অধিকার



একজন শিশু হিসাবে, আপনার শিক্ষার অধিকার এবং শেখার অধিকার আছে। যদি আপনি স্কুলে যান এবং সেই সময়ে 18 বছর পূর্ণ করেন, তাহলে স্কুল শেষ হওয়া পর্যন্ত পড়াশোনা চালিয়ে যেতে পারবেন।

আপনার প্রতিনিধি এবং কর্মীরা আপনাকে স্থানীয় স্কুলে নাম লেখাতে সাহায্য করবে। তারা আপনাকে ভাষা শেখার প্রস্তুতিমূলক ক্লাস ও অন্যান্য কোর্সের ব্যাপারেও জানাবে। আপনাকে হয়তো এই কোর্সগুলির কিছু করতে হতে পারে।

কর্মীরা আপনাকে শিক্ষামূলক এবং বিনোদনমূলক বিষয়গুলি সম্পর্কে জানাবেন যা আপনাকে শিখতে, নিজের উন্নতি করতে এবং নতুন বন্ধু তৈরি করতে সাহায্য করবে।

## কাজ করার অধিকার

আপনার বয়স আর আপনার অবস্থার ওপর নির্ভর ক'রে, আপনি আয়ারল্যান্ড এ কাজ করার অনুমতি পেতে পারেন, যদি আপনি চান। আপনার প্রতিনিধি এবং কর্মীরা
আপনাকে আরও তথ্য দেবে।







যেসব ছেলে-মেয়ের বয়স 14 বছরের নিচে, তারা কোনো কাজ করতে পারবেনা।

## আপনার অ্যাসাইলাম প্রার্থনা সংক্রান্ত নথিপত্র

আপনাকে একটি ব্যক্তিগত নথিপত্র দেওয়া হবে, যার ভিতর আপনার নাম এবং ছবি দেওয়া থাকবে। এটি প্রমাণ করবে যে আপনি আয়ারল্যান্ড এ একজন অ্যাসাইলাম প্রার্থী। আপনি সবসময় এই কাগজটা আপনার সঙ্গে রাখবেন।



**এই নথিটি গুরুত্বপূর্ণ। এটি যাতে হারিয়ে না যায় এবং অন্য কেউ না নিয়ে নেয় সেই বিষয়ে সতর্ক থাকবেন।**

এই নথিটির নাম International Protection Applicant Card

## আপনি কোথায় থাকবেন?

যখন কর্তৃপক্ষ আপনার অ্যাসাইলাম আবেদন পরীক্ষা করবে তখন আপনি কোথায় থাকবেন তা আপনার বয়স এবং প্রয়োজনের ওপর নির্ভর করবে।







আপনার প্রতিনিধি এবং কর্মীরা  আপনাকে জানাবে কোথায় থাকতে হবে, উদাহরণস্বরূপ কোনো নির্দিষ্ট আবাসন বা শহরে ।

**আপনি পেতে পারেন শুধুমাত্র সেই স্থানে সহায়তা এবং সেবা, যা কর্তৃপক্ষ ঠিক করেছে।**

বিরল ক্ষেত্রে, শিশুকে এমন একটি কেন্দ্রে রাখা হতে পারে যেখানে তারা ইচ্ছে মতো আসা-যাওয়া করতে পারবে না। যদি আপনি এই পরিস্থিতিতে থাকেন, আপনার প্রতিনিধি একজন আইনগত পরামর্শদাতা এবং কর্মীরা আপনাকে সাহায্য করবে।

**আপনি যেখানেই থাকেন না কেন, আপনার নিরাপদ থাকার অধিকার আছে। কারুর কখনোই নিচের কাজগুলো করার অনুমতি নেই:**




আপনাকে ভয় দেখানোর

আপনাকে অপমান করার

আপনার ক্ষতি করার

তারা যেই হোক না কেন, কোনো অপরিচিত ব্যক্তি বা আপনার পরিচিত কেউ।
যদি কর্মী বা আপনার প্রতিনিধি এর সঙ্গে কোনো সমস্যা হয়, আপনি কথা বলতে পারেন।

## যদি কেউ আপনার সাথে খারাপ আচরণ করে তাহলে আপনি কী করতে পারেন?



আপনি এমন একজনের সঙ্গে কথা বলতে পারেন যাকে আপনি বিশ্বাস করেন, অন্য কোনো কর্মীর সঙ্গে, আপনার প্রতিনিধি, অথবা আপনার আবাসন কেন্দ্রের কর্মীরা।



যদি কেউ আপনাদের সঙ্গে খারাপ আচরণ করে, তাহলে আপনারা সেটা জানাতে পারেন কর্তৃপক্ষকে যাতে এমন ঘটনা আবার না ঘটে। এটিকে বলা হয় ‘অভিযোগ করা’।

**সাবধান!**

যদি আপনি আপনার থাকার জায়গার বাইরে থাকেন এবং বিপদে পড়েন, তাহলে আপনি বিনা খরচে জাতীয় জরুরি নম্বর 112 তে ফোন করতে পারেন।

## আপনার রিসেপশন সংক্রান্ত বাধ্যবাধকতা কী?



এটি গুরুত্বপূর্ণ যে আপনি সত্যি কথা বলবেন এবং কর্তৃপক্ষের সঙ্গে সহযোগিতা করবেন, এমনকি কখনও আপনার কথাগুলি বলা ভীতিকর বা কঠিন মনে হলেও। আপনি একা নন। আপনার প্রতিনিধি এবং কর্মীরা আপনার কথা শোনার জন্য এবং আপনার দৈনন্দিন প্রয়োজনগুলোতে সাহায্য করার জন্য এখানে আছেন।

কর্মীরা যদি আপনার পরিস্থিতি সম্পর্কে জানেন, তাহলে তারা আপনাকে সাহায্য করতে পারবেন।

আপনি যেখানেই থাকেন না কেন, সেখানে কিছু নিয়ম মানতে হবে। উদাহরণস্বরূপ, আপনাকে অন্যান্য বাসিন্দা এবং কর্মীদের সম্মান করতে হবে, এবং নীরব থাকার সময়কালে আপনার অবশ্যই শোরগোল করা উচিত নয়।

কর্মীরা আপনাদের বুঝিয়ে দেবে কী কী নিয়ম আছে আর যদি কেউ নিয়ম না মানে, তখন কী হতে পারে।

এটি খুব গুরুত্বপূর্ণ যে আপনি:

- ✔ যেখানে আপনি আছেন সেই স্থানের নিয়ম মানেন।
- ✖ যে স্থানে কর্তৃপক্ষ আপনাকে থাকতে বলেছে সেখান থেকে চলে যাবেন না।
- ✔ এই দেশের আইন মেনে চলুন, যা কর্মীরা এবং আপনার প্রতিনিধি আপনাকে বোঝাবেন।

## যদি আপনি আপনার বাধ্যবাধকতাগুলি পালন না করেন, তাহলে কী হবে?



যদি এমন হয়, আপনি খোলাখুলি আপনার প্রতিনিধি বা কর্মীদের সঙ্গে কথা বলতে পারেন এবং আপনার পরিস্থিতি ও আপনার কারণগুলো ব্যাখ্যা করতে পারেন।

কর্তৃপক্ষ আপনার পরিস্থিতি মূল্যায়ন করবে এবং যদি তারা কোনো ব্যবস্থা নিতে চায়, তারা আপনাকে এবং আপনার প্রতিনিধি কে জানাবে।

কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিতে পারে যে:

- **আপনি কম সহায়তা পাবেন** , উদাহরণস্বরূপ, যদি আপনি সেই স্থানের বাইরে চলে যান যেখানে কর্তৃপক্ষ আপনাকে থাকতে বলেছে বা যদি আপনি কর্তৃপক্ষের সঙ্গে সহযোগিতা না করেন।
- **আপনি যা সহায়তা পাচ্ছেন তার কিছু হারাতে পারেন** , যদি আপনি হিংসাত্মক আচরণ করেন বা যেখানে আপনি থাকছেন সেই স্থানের নিয়ম বারবার বা গুরুতরভাবে ভাঙেন। পুলিশও ডাকা হতে পারে।



**আপনি এখন আয়ারল্যান্ড** এ আছেন, **যা একটি EU+ দেশ।**
**EU+ দেশগুলি হল:**

ইউরোপিয়ান ইউনিয়নের (EU) 27টি সদস্য রাষ্ট্র: অস্ট্রিয়া, আয়ারল্যান্ড প্রজাতন্ত্র, ইতালি, এস্তোনিয়া, ক্রোয়েশিয়া, গ্রীস, চেক রিপাবলিক, জার্মানি, ডেনমার্ক, নেদারল্যান্ডস, পর্তুগাল, পোল্যান্ড, ফিনল্যান্ড, ফ্রান্স, বুলগেরিয়া, বেলজিয়াম, মাল্টা, রোমানিয়া, লাটভিয়া, লিথুয়ানিয়া, লুক্সেমবার্গ, সাইপ্রাস, সুইডেন, স্পেন, স্লোভাকিয়া, স্লোভেনিয়া, হাঙ্গেরি এবং

4টি অন্যান্য দেশ: আইসল্যান্ড, লি**শ**টেনস্টাইন, নরওয়ে এবং সুইজারল্যান্ড।

## অ্যাসাইলাম চাওয়া এবং ইউরোপিয়ান ইউনিয়ন (EU+) দেশগুলোতে ভ্রমণের নিয়ম



আপনার প্রতিনিধি এবং কর্মীরা আপনাকে এই গুরুত্বপূর্ণ নিয়মগুলো বোঝাবেন। আপনি যেকোনো সময় তাদের কাছে প্রশ্ন জিজ্ঞাসা করতে পারেন।

- আপনাকে আয়ারল্যান্ড এ থাকতে হবে এবং অন্য কোনো EU+ দেশে চলে যাবেন না।
- যদি এই দেশগুলোর কোনো এক দেশে আপনার পরিবারের সদস্য থাকে, কর্তৃপক্ষ আপনাকে পারিবারিক পুনর্মিলনের অধিকার সম্পর্কে জানাবে। শুধু চলে যাবেন না।
- যদি আপনি চলে যান, তার পরিণতি নেতিবাচক হবে, যা এই ব্রোশিওরে ব্যাখ্যা করা হয়েছে। উদাহরণস্বরূপ, অন্য দেশে আপনি কম রিসেপশন সহায়তা পাবেন।
- মনে রাখবেন, প্রথমে যে EU+ দেশে পৌঁছাবেন সেখানে আপনার আশ্রয় সংক্রান্ত আবেদন রেজিস্টার করতে হবে, যদি না কর্তৃপক্ষ অন্য কিছু জানায়।
- এই দেশগুলোর মধ্যে শুধুমাত্র একটি দেশই আপনার অ্যাসাইলাম আবেদন মূল্যায়নের জন্য দায়িত্বশীল। আয়ারল্যান্ড এর কর্তৃপক্ষ আপনাকে জানাবে কোন দেশ এর জন্য দায়িত্বশীল।

আপনারা এসব নিয়ম-কানুন আলাদা ব্রোশিওরে আরো ভালোভাবে জানতে পারবেন।

## আপনি যদি EU + দেশগুলির মধ্যে একটিতে চলে যান তবে কী হবে?




**আয়ারল্যান্ড এ:**

- আপনার অ্যাসাইলাম প্রসিডিউর বন্ধ হয়ে যেতে পারে।

**অন্য EU+ দেশে:**

- কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিতে পারে আপনাকে সেই EU+ দেশে ফেরত পাঠানোর জন্য যেটি আপনি ছেড়ে এসেছেন।

কর্তৃপক্ষ আপনাকে ফেরত পাঠানোর সিদ্ধান্ত জানালে তখন থেকেই আপনার কিছু অধিকার থাকবে না, যেমন:

- আপনি কিছু প্রকারের সহায়তা পাবেন না এবং
- আপনাকে কাজ করতে দেওয়া হবে না।

## যদি কর্তৃপক্ষের নেওয়া সিদ্ধান্তের সঙ্গে আপনি একমত না হন, তাহলে কারা আপনাকে সাহায্য করতে পারে?

আপনি আপনার প্রতিনিধি এর সঙ্গে কথা বলতে পারেন এবং যেকোনো প্রশ্ন করতে পারেন।

আপনার প্রতিনিধি এর সাথে আপনি একজন আইন উপদেষ্টার সাহায্য চাইতে পারেন।



একজন আইন **উপদেষ্টা** এমন একজন ব্যক্তি যিনি এই দেশের নিয়ম জানেন এবং আপনার পরিস্থিতি অধ্যয়ন করে আপনাকে সাহায্য করতে পারেন।

কর্মীরাও আপনাকে এমন বে-সরকারি সংস্থার তথ্য দেবে যারা আপনাকে তথ্য এবং সহায়তা দিতে পারে।




আপনি যে কোনো সময় জাতিসংঘ শরণার্থী সংস্থা (UNHCR)-এর সাথে যোগাযোগ করতে পারেন। UNHCR সেইসব মানুষকে সাহায্য করে ও রক্ষা করে, যাদের নিজেদের দেশ ছেড়ে যেতে বাধ্য করা হয়েছে।

## যদি কোনো সহায়তা পরিবর্তিত হয়, তাহলে কী হবে?

যদি কর্তৃপক্ষ পরিস্থিতির কারণে কিছু ধরনের সহায়তা সীমিত বা বাতিল করার সিদ্ধান্ত নেয়, যেমন পৃষ্ঠা 16 এ ব্যাখ্যা করা হয়েছে, তবুও আপনি করতে পারবেন:



- স্কুলে যাওয়া



- ডাক্তার বা নার্সের কাছে দেখা করা এবং চিকিৎসা সহায়তা পাওয়া



- আপনার ব্যক্তিগত পরিস্থিতি এবং প্রয়োজন অনুযায়ী সাহায্য পাওয়া, যার অর্থ কর্তৃপক্ষ দ্বারা নির্ধারিত স্থানে ঘুমানোর জায়গা এবং কিছু সহায়তা পাওয়া *যেমন খাবার*।

**সিদ্ধান্ত গ্রহণকারী কর্তৃপক্ষ প্রাসঙ্গিক আপিল প্রক্রিয়া সম্পর্কে আরও তথ্য প্রদান করতে পারে। আরোপিত নিষেধাজ্ঞার ধরনের ওপর নির্ভর করে, আপনি আন্তর্জাতিক সুরক্ষা দপ্তর (IPO), আশ্রয় ও প্রত্যাবর্তন আপিল ট্রাইব্যুনাল (TARA) অথবা জেলা আদালতে এই সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারেন।**

যখন কর্তৃপক্ষ সিদ্ধান্ত নেবে যে আপনার চলে অন্য কোনো EU+ দেশে যাওয়ার কারণে প্রদত্ত স্বাগত সহায়তা বাতিল করা হবে, তখন আপনি যা সহায়তা পাবেন তা আপনার ব্যক্তিগত পরিস্থিতি এবং প্রয়োজনের উপর নির্ভর করবে। আপনি তবুও স্কুলে যেতে পারবেন।

# যোগাযোগের তথ্য

যদি আপনার এবং আপনার পরিবারের আপনার প্রশ্ন থাকে বা আপনাদের থাকার সময় কোনো সহায়তার প্রয়োজন হয়, তাহলে আপনারা কর্মরত কর্মীদের সাথে কথা বলতে পারেন:

## রিসেপশন কর্তৃপক্ষ

| | |
|---|---|
| An Roinn Dlí agus Cirt, Gnóthaí Baile agus Imirce<br>Department of Justice, Home Affairs and Migration | আন্তর্জাতিক সুরক্ষা আবাসন পরিষেবা<br>International Protection Accommodation Service<br>Department of Justice, Home Affairs and Migration<br>51 St Stephen's Green, Dublin 2, D02 HK52<br><br>ই-মেইল: IPASinboc@justice.ie |

## অন্য প্রাসঙ্গিক কর্তৃপক্ষ

| | |
|---|---|
| An Roinn Dlí agus Cirt, Gnóthaí Baile agus Imirce<br>Department of Justice, Home Affairs and Migration | আন্তর্জাতিক সুরক্ষা দপ্তর<br>বিচার, স্বরাষ্ট্র ও অভিবাসন বিভাগ<br>The International Protection Office<br>Department of Justice, Home Affairs and Migration<br><br>ই-মেইল: https://ipo.irishimmigration.ie |

## অন্য প্রাসঙ্গিক কর্তৃপক্ষ

| | |
|---|---|
| TUSLA | TUSLA – শিশু ও পরিবার সংস্থা<br>দ্য ব্রুনেল বিল্ডিং, হিউস্টন সাউথ কোয়ার্টার, সেন্ট জন'স রোড ওয়েস্ট, ডাবলিন ৮, D08 X01F<br><br>ওয়েবসাইট: Tusla - Child and Family Agency |

## অন্য প্রাসঙ্গিক কর্তৃপক্ষ

| | |
|---|---|
| tara<br>Binse Teormainn agus Achomhairc um Fhilleadh<br>Tribunal for Asylum and Returns Appeals | **আশ্রয় ও প্রত্যাবর্তন সংক্রান্ত আপিল ট্রাইব্যুনাল**<br>Tribunal for Asylum and Returns Appeals<br>6/7 Hanover Street East<br>Dublin 2, D02 W320<br>ওয়েবসাইট: :www.asylumappeals.ie |

আপনি এই সংস্থাগুলোর সাথেও যোগাযোগ করতে পারেন, নিম্নলিখিত বিষয় সম্পর্কিত প্রশ্নের জন্য:

## চিকিৎসা সহায়তা



চিকিৎসাজনিত জরুরি অবস্থায়, ৯৯৯ বা ১১২ নম্বরে ফোন করে অ্যাম্বুলেন্সের জন্য অনুরোধ করুন। ডাক্তারের সাথে কীভাবে দেখা করবেন, সে বিষয়ে আপনার প্রতিনিধির সাথে কথা বলুন। তারা আপনাকে একজন জিপি (ডাক্তার)-এর কাছে নিবন্ধন করতে সাহায্য করবে।

## মানসিক-সামাজিক সাপোর্ট



আইরিশ রেড ক্রস আন্তর্জাতিক সুরক্ষা প্রত্যাশীদের মানসিক স্বাস্থ্য ও সুস্থতা বিষয়ক সহায়তা প্রদান করে। আরও তথ্যের জন্য এখানে তাদের ওয়েবসাইট দেখুন।
এইচএসই কর্ক ও কেরি পরিষেবা (তথ্যের জন্য এখানে দেখুন) আরবি এবং ফারসি ভাষায় নিম্নলিখিত বিষয়গুলি সম্পর্কে অনলাইন ভিডিও সরবরাহ করে:
মানসিক আঘাত ও পিটিএসডি
ঘুমের সমস্যা ব্যবস্থাপনা
উদ্বেগ
অন্যান্য মানসিক স্বাস্থ্য সমস্যা।

আইরিশ রিফিউজি কাউন্সিল আয়ারল্যান্ডে আন্তর্জাতিক সুরক্ষা প্রত্যাশীদের সহায়তা প্রদানকারী সংস্থাগুলো সম্পর্কে তথ্য প্রদান করে (মানচিত্র দেখুন)।

## শিশু সুরক্ষা



শিশু ন্যায়পাল
মিলেনিয়াম হাউস, প্রথম তলা, ৫২-৫৬ গ্রেট স্ট্র্যান্ড স্ট্রিট, ডাবলিন ১, ডি০১ এফ৫পি৮
ওয়েবসাইট: আয়ারল্যান্ডে শিশুদের অধিকার সুরক্ষা । শিশু ন্যায়পাল (oco.ie)

## বিপদে পড়া শিশুদের জন্য হেল্পলাইন



যদি আপনি উপেক্ষিত বোধ করেন বা বিপদে পড়েন, তাহলে আপনি কল করতে পারেন বিনামূল্যে 119 এ

https://childline.ie/

যদি আপনার ভাই, বোন বা কোনো বন্ধু নিখোঁজ হয়ে যায়, আপনি হটলাইন 116 000 - Missing Children Europe এ কল করতে পারেন

## আইনগত পরামর্শ, সহায়তা এবং প্রতিনিধিত্ব



সিটিওয়েস্ট কনভেনশন সেন্টারে লিগ্যাল এইড বোর্ড সিটিওয়েস্ট কাউন্সেলিং সার্ভিসে আপনাকে আইনি পরামর্শ প্রদান করা হবে।

আপনি সিটিওয়েস্ট কনভেনশন সেন্টারে লিগ্যাল এইড বোর্ডের কাছে অথবা এই ৩টি আইন কেন্দ্রের যেকোনো একটিতে আইনি পরামর্শ এবং প্রতিনিধিত্বের (আইনি সহায়তা) জন্য আবেদন করতে পারেন:

ডাবলিন:

1. **Dublin:** Smithfield Law Centre
   (01) 646 9600
2. **Cork:** Popes Quay Law Centre
   087 945 1132
3. **Galway:** Galway Law & Family Mediation Centre
   091 568 467 / 01 646 9637

## জাতিসংঘ শরণার্থী সংস্থা (UNHCR)
আশ্রয় প্রার্থী ও শরণার্থীদের স্বার্থ ও অধিকার রক্ষা করে




UNHCR ,Merrion House, Suite 4, 1-3 Lower Fitzwilliam Street, Dublin 2, Ireland

Website: https://help.unhcr.org/.

Email: iredu@unhcr.org

Phone (Protection Unit): +353 1 631 4613

| | |
|---|---|
| **ইন্টিগ্রেশন সাপোর্ট** | https://www.localgov.ie/lait-contact-details |
| **আপনার নিজ দেশে ফিরে যেতে সহায়তা** | voluntaryreturns@justice.ie |

যদি আপনার জরুরি চিকিৎসার প্রয়োজন হয় এবং আপনি বিপদে পড়েন, তাহলে কর্মীদের সাথে যোগাযোগ করুন। তারা আপনাকে সাহায্য করবেন।

আপনি যেখানে থাকেন যদি তার বাইরে যান এবং দুর্ঘটনা ঘটে বা আপনি বিপদে পড়েন, তাহলে এই জরুরি নম্বরগুলিতে বিনামূল্যে কল করুন:

**জরুরি চিকিৎসা পরিস্থিতি: 112/999**

**পুলিশ 112/999**

যদি আপনার ফোন না থাকে, তাহলে কাউকে অনুরোধ করতে পারেন জরুরি নম্বরে কল করার জন্য।

An Roinn Dlí agus Cirt,
Gnóthaí Baile agus Imirce
Department of Justice,
Home Affairs and Migration

এই ব্রোশিওরটি শুধু তথ্য প্রদানের জন্য। এটি কোনো অধিকার বা বাধ্যবাধকতা প্রদান করে না। ইউরোপিয়ান ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম (EUAA) এটির উপকরণের মূল অংশটি সরবরাহ করেছে, এবং এই ব্রোশিওরটি পুনর্মুদ্রণ বা পরিবর্তন শুধুমাত্র EU সদস্য রাষ্ট্রগুলোর জন্য EUAA কর্তৃক অনুমোদিত। EUAA EU সদস্য রাষ্ট্র বা অন্য কোনো দায়িত্বশীল তৃতীয় পক্ষের দ্বারা এই ব্রোশিওরে অন্তর্ভুক্ত তথ্যের যথার্থতা, বিষয়বস্তু, সম্পূর্ণতা, বৈধতা বা নির্ভরযোগ্যতার জন্য কোন দায় বা দায়িত্ব স্বীকার করে না। EUAA বা EUAA-এর পক্ষে কাজ করা কোনো
ব্যক্তি এই ব্রোশিওরে থাকা তথ্যের ব্যবহারের জন্য দায়িত্বশীল নয়।

© ইউরোপিয়ান ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম, 2025